



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৪০.১৮- ২৪০

তারিখ: ০৯.০৬.২০১৯ খ্রি:।

বিষয়: যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন বাঘারপাড়া সিদ্দিকীয়া ফাযিল মাদ্রাসায় সহকারি গ্রন্থাগারিক পদে নিয়োগপ্রাপ্ত জনাব মো: মোস্তাফিজুর রহমান এর এমপিওভুক্তির বিষয়ে আইনগত মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) বাঘারপাড়া সিদ্দিকীয়া ফাযিল মাদ্রাসার স্মারক নং-বাফামা/বাঘার/২০১৮/২১(০২)

তারিখ: ২৯.১১.২০১৮ খ্রি:।

(২) উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল-খুলনা এর স্মারক নং-৩৭.০২.৪৭০০.০০০.০১.০০১.০১.১৭-৩৬৩৪

তারিখ: ২৭.০৫.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন বাঘারপাড়া সিদ্দিকীয়া ফাযিল মাদ্রাসায় সহকারি গ্রন্থাগারিক পদে নিয়োগপ্রাপ্ত হয়ে জনাব মো: মোস্তাফিজুর রহমান ১৭.০৯.২০১৮ খ্রি: তারিখে যোগদান করে অদ্যাবধি কর্মরত আছেন মর্মে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে জানা যায়।

০২. বর্ণিত মাদ্রাসায় সহকারি গ্রন্থাগারিকের শূন্য পদে নিয়োগ প্রদানের নিমিত্ত গত ১৮.০৩.২০১৮ খ্রি: তারিখে জাতীয় দৈনিক পত্রিকা “দৈনিক মানবজমিন” ও আঞ্চলিক দৈনিক পত্রিকা “দৈনিক গ্রামের কাগজ” বিজ্ঞপ্তি প্রচার করা হয়। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ছিল ০৭.০৪.২০১৮।

০৩. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক ডিজির প্রতিনিধি হিসেবে জেলা শিক্ষা অফিসার যশোরসহ ০৫ সদস্যের নিয়োগ কমিটি ১৭.০৯.২০১৮ খ্রি: তারিখে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করেন। প্রতিযোগিতা মূলক নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণকারী ০৪ জন পরীক্ষার্থীর মধ্যে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হওয়ায় নিয়োগ কমিটি জনাব মো: মোস্তাফিজুর রহমানকে সহকারি গ্রন্থাগারিক পদে নিয়োগের জন্য সুপারিশ করেন।

০৪. শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক ১৯.০৭.২০১৮ খ্রি: তারিখে নতুন জনবল কাঠামো জারী করা হয় যার শিরোনাম নিম্নরূপ:

“বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮”

০৫. সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত প্রতিষ্ঠানের সহকারি গ্রন্থাগারিক পদে নিয়োগের নিমিত্ত পত্রিকায় বিজ্ঞপ্তি নতুন জনবল কাঠামো জারীর পূর্বে প্রকাশিত হয়েছে। নতুন জনবল কাঠামো জারী হওয়ার পর পুরাতন পদ গুলোতে নিয়োগ প্রক্রিয়া চালানো যাবে কি না এ বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিকট মতামত চাওয়া হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক জানানো হয় যে, নতুন জনবল কাঠামো জারীর পূর্বে অর্থাৎ ১৯.০৭.২০১৮ খ্রি: তারিখের পূর্বে নিয়োগের নিমিত্ত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়ে থাকলে এবং পত্রিকার মেয়াদ ০৬ মাস উত্তীর্ণ না হলে বিজ্ঞাপিত ঐসব পদে নিয়োগ কার্যক্রম চালানো যাবে।

০৬. যেহেতু বর্ণিত মাদ্রাসায় সহকারি গ্রন্থাগারিক পদে জনাব মো: মোস্তাফিজুর রহমান এর নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি ১৯.০৭.২০১৮ খ্রি: তারিখের পূর্বে এবং যেহেতু পত্রিকার বিজ্ঞপ্তির মেয়াদ ০৬ মাস উত্তীর্ণ হওয়ার পূর্বেই নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে সেহেতু জনাব মো: মোস্তাফিজুর রহমান এর নিয়োগ বৈধ এবং তাঁর এমপিওভুক্তিতে কোন প্রতিবন্ধকতা নেই মর্মে প্রতীয়মান হয়।

০৭. এমতাবস্থায়, যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন বাঘারপাড়া সিদ্দিকীয়া ফাযিল মাদ্রাসায় সহকারি গ্রন্থাগারিক পদে নিয়োগপ্রাপ্ত জনাব মো: মোস্তাফিজুর রহমান এর এমপিওভুক্তির বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপ-পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল-খুলনা।

০২/০৬/১৯

মো: হেলাল উদ্দীন

সহকারী পরিচালক (অডিট ও আইন)

(প্রতিকল্প কর্মকর্তা)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।

০২. জেলা শিক্ষা অফিসার, যশোর।

০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর।

০৪. অধ্যক্ষ, বাঘারপাড়া সিদ্দিকীয়া ফাযিল মাদ্রাসা, ডাক: ও উপজেলা: বাঘারপাড়া, জেলা: যশোর।

০৫. অফিস কপি।